

🗏 আয-যুমার | Az-Zumar | ٱلزُّمَر

আয়াতঃ ৩৯:৫০

💵 আরবি মূল আয়াত:

قَد قَالَهَا الَّذِينَ مِن قَبلِهِم فَمَا أَعْنَى عَنهُم مَّا كَانُوا يَكسِبُونَ ﴿٥٠﴾

অবশ্যই তাদের পূর্ববর্তীরা এটা বলেছিল। কিন্তু তারা যা অর্জন করেছে তা তাদের কোন কাজে আসেনি। — আল-বায়ান

তাদের আগে যারা ছিল তারাও এ কথাই বলত। কিন্তু তারা যা করত তা তাদের কোনই কাজে আসেনি। — তাইসিকল

তাদের পূর্ববর্তীরাও এটাই বলত, কিন্তু তাদের কৃতকর্ম তাদের কোন কাজে আসেনি। — মুজিবুর রহমান

Those before them had already said it, but they were not availed by what they used to earn. — Sahih International

৫০. অবশ্যই তাদের পূর্ববর্তীরা এটা বলত, কিন্তু তারা যা অর্জন করেছে তা তাদের কোন কাজে আসেনি।

তাফসীরে জাকারিয়া

(৫০) ওদের পূর্ববর্তীগণও তাই বলত, কিন্তু ওদের কৃতকর্ম ওদের কোন কাজে আসেনি। [1]

[1] যেমন, কার্রনও বলেছিল। কিন্তু পরিশেষে তাকেও তার ধন-ভান্ডার সহ যমীনে ধসিয়ে দেওয়া হয়েছিল। فَمَا تَعْنَى ত لَمْعَةُ তে لَمْعَةُ তে لَمْعَةُ তে الْعُنَى তে পারে। আর উভয় অর্থই সঠিক।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4108

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন